

### চবির ভিসি প্যানেল মনোনয়ন নির্বাচন হাইকোর্টে স্থগিত

#### ■ ইত্তেফাক রিপোর্ট

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (ভিসি) প্যানেল নির্বাচন স্থগিত করেছে হাইকোর্ট। এক আবেদনের ওপর শেষে বিচারপতি ফারাহ মাহবুব ও বিচারপতি কাজী মো. ইজারুল হক আকন্দের ডিভিশন বেঞ্চে গত বৃহস্পতিবার এই আদেশ দেন। শনিবার এই নির্বাচন অনুষ্ঠিত হওয়ার কথা ছিল।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বর্তমান সিনেটের বৈধতা চ্যালেঞ্জ করে হাইকোর্টে রিট আবেদন দায়ের করেন ওই বিশ্ববিদ্যালয়ের তিন শিক্ষক। আবেদনে সিনেটের পুনর্গঠন চাওয়া হয়। গত ৫ মে এই রিট আবেদনের প্রাথমিক ওয়ানি নিয়ে রুল জারি করে হাইকোর্ট। কিন্তু এরই মধ্যে ভিসি প্যানেল মনোনয়নের জন্য নির্বাচনের ঘোষণা দেয়া হয়। এর পরিপ্রেক্ষিতে হাইকোর্টে নির্বাচন স্থগিত চেয়ে একটি আবেদন করেন তিন শিক্ষক। ওই আবেদনের ওপর ওয়ানি শেষে হাইকোর্ট নির্বাচন স্থগিত করে দেয়। আদালতে আবেদনকারী শিক্ষকদের পক্ষে অ্যাডভোকেট এম কে রহমান ওয়ানি করেন। তাকে সহায়তা করেন আইনজীবী তৌহিদুল ইসলাম। রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল আমাতুল করীম।